তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৭

# আজ থেকে মিলেনিয়াম গেট টুগেদার ॥ ঢাকা মেডিক্যাল কলেজ সাজছে নতুন সাজে

**মেডিক্যাল রিপোর্টার** ॥ 'মিলেনিয়াম গেট টুগেদার' উপলক্ষে ঢাকা মেডিক্যাল কলেজ সাজছে নতুন সাজে। আজ, কাল ও পরশু ঢাকা মেডিক্যাল কলেজের প্রাক্তন ছাত্রছাত্রীদের এই পুনর্মিলনী অনুষ্ঠিত হবে কলেজ প্রাঙ্গণে। প্রায় এক হাজার প্রাক্তন ছাত্রছাত্রী অংশ নিচ্ছেন এই পুনর্মিলনীতে। এই অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী এবং সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন বিরোধীদলীয় নেত্রী। রবিবার এক সাংবাদিক সম্মেলনে উদ্যোক্তারা এই আয়োজনের কথা জানান। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে শুরু করে বিদেশ থেকেও অনেক প্রাক্তন ছাত্রছাত্রী অংশ নিচ্ছেন এই পুনর্মিলনীতে। প্রায় এক হাজার প্রাক্তন ছাত্রছাত্রী এই অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য নাম নিবন্ধন করেছেন। এর মধ্যে শতাধিক বর্তমানে বিশ্বের বিভিন্ন দেশে চিকিৎসক হিসাবে কর্মরত। 'মিলেনিয়াম গেট টুগেদার' নামে আয়োজিত এই পুনর্মিলনী উৎসব ৪ জানুয়ারি শুরু হলেও ৫ তারিখ সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। ৬ তারিখ বিকালে বিরোধীদলীয় নেত্রী খালেদা জিয়া সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে থাকবেন। তিন দিনব্যাপী অনুষ্ঠানের মধ্যে নির্ধারিত বক্তৃতা-স্মৃতিচারণ ছাড়াও থাকবে খেলাধুলা, নৈশভোজ, র‍্যালি, নাটক, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি।

পুনর্মিলনী উপলক্ষে ঢাকা মেডিক্যাল কলেজ এবং মিলন অডিটরিয়ামকে সাজানো হয়েছে নতুন সাজে। বেশিরভাগ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে মিলন অডিটরিয়ামে। কলেজ, অডিটরিয়াম, ছাত্রাবাস সব জায়গায়ই করা হয়েছে নতুন রং, কলেজ প্রাঙ্গণে সাজানো হচ্ছে উনিশটি স্টল। কলেজের বিভিন্ন সংগঠন ছাড়াও বিভিন্ন ওষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠানকে স্টল বরাদ্দ দেয়া হয়েছে। অনুষ্ঠানের তিন দিন স্টলগুলোতে বিক্রি হবে নানা সামগ্রী।

ঢাকা মেডিক্যাল কলেজ এলামনাই ট্রাস্ট আয়োজন করেছে এই পুনর্মিলনীর। এ উপলক্ষে 'ঢাকা রিপোর্টার্স ইউনিটি'তে এক সাংবাদিক সম্মেলনে গতকাল আয়োজকরা নিবন্ধনকৃতদের ৩ তারিখ সকাল নয়টা থেকে বিকাল তিনটার মধ্যে মেডিক্যাল কলেজের কমনরুম থেকে যাবতীয় কাগজপত্র সংগ্রহের অনুরোধ করেছেন। সাংবাদিক সম্মেলনে আয়োজকরা জানান, পুনর্মিলনীকে কেন্দ্র করে তাঁরা একটি ডিরেক্টরি প্রকাশের উদ্যোগও হাতে নিয়েছেন, যে ডিরেক্টরিতে ঢাকা মেডিক্যাল কলেজের প্রাক্তন সব ছাত্রছাত্রীর নাম, ঠিকানা ও বর্তমান কর্মস্থলের উল্লেখ থাকবে। আগামী এক বছরের মধ্যেই তাঁরা ডিরেক্টরি প্রকাশ করতে পারবেন বলে জানিয়েছেন।

সাংবাদিক সম্মেলনে আয়োজকদের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যাপক কেএম ইকবাল, অধ্যাপক খলিলুর রহমান, ডাঃ মোঃ সাইফুল ইসলাম, ডাঃ মনি লাল আইচ লিটু প্রমুখ।